

## সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে এবং ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি হতে ইচ্ছুক যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)) আবেদন ফরম পাওয়া যাবে।

### ২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

- (ক) প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি ও এইচ.এস.সি অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে মোট জিপিএ-৮.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। তবে এইচ.এস.সি. পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন-এ আলাদাভাবে কমপক্ষে জিপি-৩.৫ এবং ইংরেজীতে জিপি-৩.০০ থাকতে হবে।
- (খ) GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেলে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীসহ ৫ (পাঁচ) টি বিষয়ে গড়ে "বি" গ্রেড পেতে হবে। তবে GCE 'A' লেভেলে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন বিষয়গুলির মধ্যে কমপক্ষে দু'টি বিষয়ে "এ" গ্রেড পেতে হবে এবং অন্যান্য বিষয়ে "বি" গ্রেড পেতে হবে।
- (গ) ২০১০ এর পূর্বে এইচ.এস.সি পাশ ছাত্র-ছাত্রী এবং ২০১০ এর পূর্বে GCE 'A' লেভেল পাশ ছাত্র/ছাত্রী আবেদনের যোগ্য নয়।

৩। আবেদন ফরম পূরণের নিয়মাবলী : কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)) প্রকাশিত ফরম ও প্রবেশপত্র Legal সাইজ কাগজে প্রিন্ট করে যথাযথ ভাবে পূরণ করে তিন কপি রঙ্গীন পাসপোর্ট সাইজ ছবি নির্ধারিত স্থানে আঠা দ্বারা সংযুক্ত করে সকল পাবলিক পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, উপজাতি/মুক্তিযোদ্ধা পোষ্য হলে উপযুক্ত প্রমাণপত্র সহ, "**Central Admission**", Directorate of Technical Education, Janata Bank Limited, UGC Bhaban Branch, Agargaon, Dhaka. এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার, নিজ ঠিকানা সম্বলিত ফেরতখামসহ (ডাক টিকিট সংযুক্ত), ডাকযোগে অথবা সরাসরি সভাপতি, ভর্তি কমিটি, কক্ষ নং-৩০১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্লট নং- এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ অথবা অধ্যক্ষ, সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ, টিলাগড়, সিলেট অথবা অধ্যক্ষ, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, খাগডহর, ময়মনসিংহ -ঠিকানায় পাঠাতে হবে/ সরাসরি জমা দিতে হবে।

৪। মেধাতালিকা প্রণয়ন : ক) সকল বৈধ আবেদনকারীকে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় (গণিত-৩০, পদার্থবিদ্যা-৩০, রসায়ন-২০ ও ইংরেজীতে-২০) অংশগ্রহণ করতে হবে। খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং এস.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের জন্য ৪০ নম্বর ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের জন্য ৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ভিত্তিতে সরকারী বিধি মোতাবেক মেধা তালিকা প্রস্তুত করা হবে। উক্ত তালিকা থেকে স্বাস্থ্য পরীক্ষা সাপেক্ষে প্রতিটি কলেজে ৬০(ষাট) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।


### ৫। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী :

ক) আবেদনের সময়সীমা :	২০/১১/২০১১ইং থেকে ২৬/১২/২০১১ইং (অফিস চলাকালীন সময়ে)
খ) বৈধ আবেদনকারীর তালিকা প্রকাশ :	২৯/১২/২০১১ইং (ওয়েব সাইটে ও নোটিশ বোর্ডে)
গ) প্রবেশপত্র বিতরণ :	২৯/১২/২০১১ইং (ডাকযোগে প্রেরণ করা হবে)
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ :	০৭/০১/২০১২ইং রোজ শনিবার
ঙ) ফলাফল প্রকাশ :	১২/০১/২০১২ইং।
চ) মেধা তালিকা হতে ভর্তির সময়সীমা :	১৪/০১/২০১২ইং থেকে ১৯/০১/২০১২ইং
ছ) অপেক্ষমান তালিকা হতে ভর্তি :	২১/০১/২০১২ইং ২৬/০১/২০১২ইং।
জ) ক্লাশ শুরু :	৩০/০১/২০১২ইং।

৬। ভর্তি পরীক্ষার কেন্দ্র/স্থান ও সময় : ঢাকা, বিকেল ৩:০০ ঘটিকায়।

৭। ভর্তি বিষয়ে তথ্যের জন্য কক্ষ নং-৩০১, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

৮। যারা ইতোপূর্বে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।



(মোঃ ফেরদৌস আলম)  
পরিচালক(পিআইডব্লিউ)

ও  
সভাপতি, ভর্তি কমিটি  
ফোন : ৮১৮১০০০

ই-মেইল: [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)

২২/১২/১১